

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
খালিশপুর, খুলনা
www.explosives.khulna.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০৩.৩৫২.৩৭.০০৫৮.২৬/৬৮২

তারিখ: ১৭/৮/২০২৬ খ্রি।

বিষয়: বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন বাগেরহাট-মোল্লারহাট সড়কের শহীদ মিনারের বিপরীত পাশে কুরমুনি মৌজায় অবস্থিত “মেসার্স শরীফ ব্রাদার্স” নামক প্রথম ও দ্বিতীয় শ্রেণির পেট্রোলিয়াম মজুদের লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের সহকারী বিস্ফোরক পরিদর্শক জনাব মো. ওবায়দ উল্লাহ, কর্তৃক বিষয়ে বর্ণিত মজুদাগারটি ১৬/৬/২০২৬ তারিখ পরিদর্শন করা হয়। পরিদর্শনে অনুমোদিত নকশায় প্রদর্শিত স্থানে “মেসার্স শরীফ ব্রাদার্স” নামক কোনো পেট্রোলিয়াম মজুদাগারের অস্তিত্ব পাওয়া যায়নি। পরিদর্শনে আরো জানা যায় যে, লাইসেন্সে উল্লিখিত তফসিলভুক্ত জমিটি মো. জাকির শরীফ কর্তৃক বিক্রয় করা হয়েছে।

উপর বর্ণিত ত্রুটির কারণে মেসার্স শরীফ ব্রাদার্স এর নামে প্রদত্ত লাইসেন্সটি [৩৫২-৩(এ)-০০৫৮] কেন বাতিল করা হবে না মর্মে অত্র দপ্তরের ২২-০৬-২০২৬ তারিখের ২৮.০৮.০০০০.০০৩.৩৫২.৩৭.০০৫৮.২৬/৩২৬ নম্বর স্মারকে ১০ দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য অনুরোধ করা হয়। কারণ দর্শানোর জবাব নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা হয়নি।

এমতাবস্থায়, লাইসেন্স সংযুক্ত নকশায় উল্লিখিত তফসিলভুক্ত জমিতে “মেসার্স শরীফ ব্রাদার্স” নামক কোনো পেট্রোলিয়াম মজুদাগার না থাকায়, উক্ত তফসিলভুক্ত জমিটি অন্যের নিকট বিক্রি করায় এবং কারণ দর্শানোর জবাব দাখিল না করায় পেট্রোলিয়াম বিধিমালা, ২০১৮ এর বিধি ১৯১ এর বিধান মোতাবেক “মেসার্স শরীফ ব্রাদার্স” এর নামে প্রদত্ত লাইসেন্সটি এতদ্বারা বাতিল করা হলো।

এ বাতিল আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে থাকলে প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের নিকট বাতিল আদেশ জারির ৪ (চার) সপ্তাহের মধ্যে আপিল আবেদন করার জন্য বলা হলো।

স্বাঃ

মুহাম্মদ আবুল হাশেম
সহকারী বিস্ফোরক পরিদর্শক, খুলনা।
ফোন: ০২৪৭৭৭০০১৯৮

মো. জাকির শরীফ
প্রো. মেসার্স শরীফ ব্রাদার্স
পিতা: মো. মোক্তার শরীফ
গ্রাম ও ডাকঘর: শিবপুর
উপজেলা: চিতলমারী, জেলা: বাগেরহাট।

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০৩.৩৫২.৩৭.০০৫৮.২৬

তারিখ: ১৭/৮/২০২৬ খ্রি।

অনুলিপি প্রেরিত: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

২। জেলা প্রশাসক, বাগেরহাট।

৩। সহকারী মহা ব্যবস্থাপক (বিক্রয়) পদ্মা/ মেঘনা/যমুনা পেট্রোলিয়াম লিমিটেড, খালিশপুর, খুলনা।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা: চিতলমারী, জেলা: বাগেরহাট।

সহকারী বিস্ফোরক পরিদর্শক, খুলনা।

০/৮